



অরূপ রায়ের বাড়ির সামনে বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : মঙ্গলবার সকালে মধ্য হাওড়ায় রাজ্যের সমবায় মন্ত্রী অরূপ রায়ের বাড়ির সামনে বিক্ষোভ দেখান বাকসাড়ার বাসিন্দারা। জানা গিয়েছে, হাওড়ার বাকসারায় মদ খাওয়ায প্রতিবাদ করেছিলেন পাপ্পু হাজরা ও বাকসাড়ারা বাসিন্দারা। তখন সেখানে গন্ডগোল হয়। পাপ্পু হাজরা ও বাসিন্দারা থানায় অভিযোগ জানাতে যান। অভিযোগ সেই সময় ৪১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর অরবিন্দ গুহর পিএ সোনু আচার্য মারধর করে পাপ্পু হাজরাকে। এই ঘটনার প্রতিবাদে এদিন মঙ্গলবার সকালে জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি (সদর) অরূপ রায়ের বাড়ির সামনে বাসিন্দারা বিক্ষোভ দেখাতে শুরু করেন। মন্ত্রী অরূপ রায় জানিয়েছেন, পুরো ব্যাপারটির বিস্তারিত খোঁজ নিয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে।

শিশুকন্যার রহস্যজনক মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়ার কোনা নস্কর পাড়ায় একটি শিশুকন্যার অস্বাভাবিক মৃত্যু ঘিরে চাঞ্চল্য ছড়াল। শিশুটির অস্বাভাবিক মৃত্যুর খবরে চারিদিকে জোর র্চচা শুরু হয়। তারপর শিশুটিকে চিকিৎসকের কাছে নিয়ে যাওয়া হয়। চিকিৎসকেরা জানান, শিশুটির শ্বাসনালীতে ও নাকে মুখে রক্ত পাওয়া গেছে। শিশুটিকে খুন করা হয়েছে বলে অনুমান। কন্যা সন্তান হবার জন্যই এই ঘটনা কি না খতিয়ে দেখছে পুলিশ। বাড়ির লোকেদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। শিশুটির দেহ ময়নাতদন্তে পাঠানো হয়েছে। তবে পরিবারের লোকেরা অভিযোগ অস্বীকার করেছে। প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে, শ্বাসরোধ করে শিশুটিকে খুন করা হয়েছে। পুলিশ তদন্ত করছে।

সভা/অনুষ্ঠান

রামকৃষ্ণ মঠ (বলরাম মন্দির) বুধবার আলোচনায়:- গীতা প্রসঙ্গ। পাঠক: স্বামী হরিময়ানন্দ মহারাজ। সময়: ৭-১৫

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

6					1	9	4	
	9				5			
			9	4				
	2							8
8	7		4		6		5	2
4							7	
				6	7			
			8				2	
	8	5	1					7

গতকালের সমাধান

6	9	4	8	7	3	1	2	5
7	2	5	6	9	1	3	4	8
3	8	1	5	2	4	7	9	6
2	1	3	4	5	7	6	8	9
8	4	9	3	1	6	2	5	7
5	6	7	9	8	2	4	3	1
9	7	6	2	3	5	8	1	4
1	3	8	7	4	9	5	6	2
4	5	2	1	6	8	9	7	3

আবহাওয়া

পূর্বাভাস: বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৭ ডিগ্রি ও ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩১ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮৮ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৪।৫১, **সূর্যাস্ত:** ঘ ৬:২১ **জোয়ার:** সকাল ৮:১৭। **ভাঁটা:** দুপুর: ১:১২।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩১,৩৫৫
গহনা সোনা (১০ গ্রাম):	২৯,৭৫০
হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	৩০,৩৯৫
রুপোর বাট (প্রতি কেজি):	৪১,৮০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৪১,৯০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	67.4571
INR / 1 Euro	79.3498
INR / 100 Jap. YEN	61.1000
INR / 1 Pound Sterling	90.0620

শেয়ার সূচক

BSE	35,692.52	▲	(+209.05)
NIFTY	10,842.85	▲	(+55.90)

শব্দলিপি- ১২২১

■	১		২	■	৩	■	৪
■		■		■	৫		
৬				■		■	
	■	■	৭	৮		■	
	■	৯			■	■	
	■		■	১০		১১	
১২			■		■		■
	■		■	১৩			■

ছক-৪

সুপর্ণকান্তি দাশ

পাশাপাশি : ১। ডোমিনিকার রাজধানী ৫। কাঁচা টাকা ৬। প্রশ্রয় ৭। দেবরাজ ইন্দ্র ৯। দাঙ্গা ১০। বেকারত্বের নিরাময় ১২। মাহুত ১৩। আচার

উপরনীচ : ১। মাথা ও মুখমণ্ডল ব্যতীত দেহের অন্যান্য অংশের চুল ২। পেটের অসুখ ৩। মহৎকাজ ৪। প্রিয়তম ৬। উপবেশন ৮। ভাঙা খাপরা ৯। রাজাসন ১১। সংযম

সমাধান : শব্দলিপি - ১২২০

পাশাপাশি : ১। একোননবতি ৪। আস্তিক ৫। রাকাপতি ৭। নিকার ৮। নভস্য ১০। হতমান ১২। নোতক ১৩। মনের কপাট

উপরনীচ : ১। একরারনামা ২। নখরা ৩। তিব্বতি ৪। আসানি ৬। কারেন্সি নোট ৯। স্যমীক ১০। হজম ১১। নর্তক

পুলিশ সুপারের সঙ্গে দেখা করলেন মৃত অজয় করের পরিবার

নিজস্ব সংবাদদাতা, বারাসত : উত্তর ২৪ পরগনা জেলার অশোকনগরের মৃত ক্রিকেটার অজয় করের পরিবারের সদস্য মঙ্গলবার অজয়ের মৃত্যুর সুবিচারের আশায় দেখা করলেন উত্তর ২৪ পরগনা জেলার পুলিশ সুপারের সঙ্গে। পুলিশ সুপারের সঙ্গে দেখা করে অজয়ের মৃত্যুতে ধৃতদের কঠোর শাস্তির দাবি জানানোর পাশাপাশি এই ঘটনায় রাজা ভট্টাচার্য ও লাল্টু দে নামে যে দুই অভিযুক্ত এখনও অধরা তাদের গ্রেফতারের দাবি জানিয়েছেন মৃত অজয়ের মা ডলি কর। এদিন তাঁরা পুলিশ সুপারের কাছে গোপন জবানবন্দি নেওয়ারও দাবি জানান। অশোকনগরের উঠতি ক্রিকেটার এবং তৃণমূলের সক্রিয় কর্মী অজয় করের সঙ্গে প্রেমের সম্পর্ক ছিল অশোকনগর শেরপুর এলাকার বাসিন্দা বিবাহিতা মহিলা শাখি চৌধুরীর। এরপর অজয়ের এক বন্ধু বিশ্বজিৎ ভট্টাচার্যের সঙ্গেও সম্প্রতি প্রেমের সম্পর্ক হয় শাখির। মৃত অজয়ের পরিবারের দাবি, ত্রিকোণ প্রেমের জেরেই অজয়কে খুন করা হয়েছে। অজয়ের মা ডলি কর ইতিপূর্বে দাবি করেন, গত ৬ জুন রাতে ক্রিকেট খেলার নাম করে বিশ্বজিৎ, রাজা ও লাল্টুরা তাকে বাড়ি থেকে ডেকে নিয়ে যায়। এরপর রাজা ও লাল্টু অজয়কে ব্যাপক মারধর করে বলেও তাঁর অভিযোগ। ওইদিন রাতে অশোকনগরের তিন নম্বর গেট এলাকায় রেল লাইনের পাশ থেকে অজয়ের দেহ উদ্ধার করে বনগাঁ জিআরপি। এরপর হাবড়া হাসপাতালের অজয়ের মৃত্যু হয়। এঘটনার পর শাখি ও বিশ্বজিৎ গ্রেফতার হলেও অধরা রয়েছে রাজা ও লাল্টু। মঙ্গলবার বারাসতে জেলার পুলিশ সুপারের সঙ্গে দেখা করেন অজয়ের মা ডলি কর ও তার কয়েকজন প্রতিবেশী। ডলি কর জানান, পুলিশ সুপারের কাছে ধৃতদের কঠোর শাস্তির দাবি জানানোর পাশাপাশি আমরা অভিযুক্ত রাজা ও লাল্টুকে যাতে গ্রেফতার করা হয় সেই অনুরোধ করেছি। এদিন মৃত অজয় করের মায়ের সমস্ত অভিযোগ শোনেন পুলিশ সুপার। পুলিশের পক্ষ থেকে মৃতের পরিবারকে সমস্ত রকমের সহযোগিতা করার আশ্বাস দিয়েছেন জেলার পুলিশ সুপার সি সুধাকর।

পণের দাবিতে মহিলাকে শ্বাসরোধ করে খুনের অভিযোগ, গ্রেফতার স্বামী

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : শ্বশুরবাড়ি থেকে উদ্ধার হল এক মহিলার ঝুলন্ত দেহ। উত্তর ২৪ পরগনার বরানগরের রামমোহন ব্যানার্জি রোডের ঘটনা। মৃতের নাম দীপা দাস (৪০)। সোমবার রাতে ওই মহিলার দেহ উদ্ধার করে বরাহনগর থানার পুলিশ। গ্রেফতার করা হয়েছে তাঁর স্বামী চন্দন দাসকে (৪৩)।১০ বছর আগে দীপা ও চন্দনের বিয়ে হয়। অভিযোগ, বিয়ের পর থেকেই পণের জন্য দীপার উপর অত্যাচার চালাত তাঁর স্বামী ও শ্বশুরবাড়ির লোকরা। দীপার বাপের বাড়ির আত্মীয়দের অভিযোগ, পণের চাহিদা পূরণ না হওয়ায় দীপাকে শ্বাসরোধ করে খুন করে ঝুলিয়ে দেওয়া হয়েছে। মৃতের দিদির অভিযোগ, চন্দন সহ শ্বশুরবাড়ির আত্মীয়রা সকলে মিলে দীপাকে খুন করেছে। মৃতের স্বামী সহ শ্বশুরবাড়ির আত্মীদের সকলের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন দীপার বাপের বাড়ির লোকজন। সোমবার রাতে দীপার ৭ বছরের ছেলে ফোন পেয়ে তাঁর বাপের বাড়ির লোকজন জানতে পারে, তাঁরা শ্বশুরবাড়িতে গিয়ে দেখেন দীপার দেহ ঘরের মেঝেতে শোয়ানো অবস্থায় রয়েছে। দীপার বাপের বাড়ির লোকজনের লিখিত অভিযোগের ভিত্তিতে দীপার স্বামী চন্দনকে গ্রেফতার করেছে বরানগর থানার পুলিশ। অভিযুক্ত চন্দন পেশায় হোটেলের বাউন্সার বলে জানা গেছে। মঙ্গলবার পুলিশ দীপার দেহ কলকাতার আরজিকর হাসপাতালে ময়নাতদন্তের জন্য পাঠায়। গোটা ঘটনার তদন্তে নেমেছে বরানগর থানার পুলিশ।

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় শান্তিপুর হাসপাতালের উন্নত রোগী পরিষেবা ও হাসপাতালের সৌন্দর্যায়ন প্রকল্পগুলির পরিদর্শনে রোগী কল্যাণ সমিতির সভাপতি ও পুরপ্রধান অজয় দে,ছিলেন সুপার জয়ন্ত বিশ্বাস।

দত্তপুকুরে তেলের ট্যাঙ্কারে আগুন অগ্নিদগ্ধ হয়ে মৃত ১

নিজস্ব সংবাদদাতা, দত্তপুকুর : আগুন লেগে ভস্মীভূত তেলের ট্যাঙ্কার। আগুন নেভার পর গাড়ির ভিতর থেকে উদ্ধার হয় একজনের মৃতদেহ। তাঁর নাম। পরিচয় জানা যায়নি। ভোররাতে ট্যাঙ্কারটিতে আগুন লাগে দত্তপুকুরের ৩৫ নম্বর জাতীয় সড়কের চালতাবেড়িয়ার নতুন রাস্তার মোড়ে। দমকলের দু'টি ইঞ্জিন আগুন নিয়ন্ত্রণে আনে। পুলিশের প্রাথমিকভাবে অনুমান, আগুন লাগার পর চালক ও খালাসি গাড়ি থেকে বের হলেও তৃতীয় এই ব্যক্তিটি বের হতে পারেননি। ফলে গাড়ির ভিতরেই অগ্নিদগ্ধ হয়ে মারা যান।

স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, রাত তখন তিনটে। রাস্তার উপরেই রয়েছে একটি পেট্রল পাম্প। সেখানকার কর্মীদের চিৎকারে ঘুম ভাঙে তাদের। বাইরে এসে দেখেন, দাউদাউ করে জ্বলছে একটি তেলের ট্যাঙ্কার। গাড়ির ভিতরেই ছিলেন চালক ও খালাসি। পেট্রল পাম্প কর্মীরা তাদের গাড়ি থেকে কোনওরকমে বের করে নিয়ে আসেন। খবর যায় দমকলে। ঘটনাস্থলে আসে দমকলের ২টি ইঞ্জিন। আগুন নেভানোর কাজ শুরু হয়। বেশ কিছুক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে।

স্থানীয় এক যুবক জানিয়েছেন, ট্যাঙ্কারটিতে ডিজেল ছিল। দ্রুতগতিতে আসার সময় রাস্তার উপর উল্টে যায় ট্যাঙ্কারটি। তারপরই আগুন লাগার ঘটনা। পেট্রল পাম্পের কর্মী ও স্থানীয় লোকজনের তৎপরতায় খালাসি ও চালককে উদ্ধার করা সম্ভব হয়। নেভানো না গেলে পেট্রল পাম্পেও আগুন ছড়িয়ে পড়তে পারত। ঘটনায় হতাহতের কোনও খবর নেই। দমকলের এক কর্মী জানান, আগুন নিয়ন্ত্রণে আনতে বেশ কিছুক্ষণ সময় লাগে। গাড়িতে ডিজেল ছিল। উল্টে গিয়ে আগুন লেগে যায়। ঠিক সময়ে তারা না এলে বড়সড় দুর্ঘটনা ঘটাতে পারত। গাড়িটি ভস্মীভূত হয়েছে। স্থানীয় বাসিন্দাদের হতাহতের খবর নেই বললেও মঙ্গলবার সকালে গাড়ির ভিতর থেকে একজনের মৃতদেহ উদ্ধার হয়। দত্তপুকুর থানার পুলিশের অনুমান, গাড়ির ভিতরেই চালক ও খালাসির সঙ্গে ছিলেন এই ব্যক্তি। তিনি বেরোতে পারেননি। মৃত ব্যক্তির পরিচয় জানা যায়নি। চালক ও খালাসিকে জিজ্ঞাসাবাদ করে মৃত ব্যক্তির পরিচয় জানবে পুলিশ।

বিশ্ব শিশু শ্রমিক বিরোধী দিবস উপলক্ষে মঙ্গলবার ফুটপাথবাসীদের হাতে খাবার তুলে দিচ্ছে হাওড়ার কল্যাণপল্লী ইয়ুথ ক্লাব।

বালিতে ব্যবসায়ীর আত্মহত্যা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : মঙ্গলবার সকালে হাওড়ার বালি তিন নম্বর কালীতলা লেনের জয়ন্ত দা (৪৩) নামে এক ব্যবসায়ীর ঝুলন্ত দেহ উদ্ধার হয়। এই ঘটনার এলাকায় চাঞ্চল্য ছড়ায়। প্রাথমিক অনুমান, এটা আত্মহত্যার ঘটনা। মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। তবে কী কারণে এই ঘটনা তা জানতে তদন্ত শুরু করেছে বালি থানার পুলিশ। আরও জানা যায়, জয়ন্ত বিবাহ করেননি। তার ভাই ও বোন আছে। মানসিক অবসাদ থেকে এমন কাজ করেছে কি না জয়ন্ত তারও তদন্ত করছে পুলিশ।

বেলুড়ে নিখোঁজ যুবক উদ্ধার, গ্রেফতার ১

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : বেলুড়ে মাতোয়ালা গলি এলাকার বাসিন্দা এক যুবকের রহস্যজনক নিখোঁজ ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছিল। তবে সোমবার গভীর রাতে তাঁকে সাঁত্রাগাছি স্টেশন থেকে পুলিশ উদ্ধার করে। জানা গিয়েছে, সোমবার রাতে চন্দন হাওড়ার সাঁত্রাগাছি স্টেশনে ইতস্ততভাবে ঘুরছিল। পুলিশ তাকে উদ্ধার করে জিজ্ঞাসাবাদ করে জানতে পারে সব। তারপর পুলিশ তাকে বেলুড়ে তার পরিবারের হাতে তুলে দেয়। এই ঘটনায় পুলিশ বিজয় সিং নামে একজনকে গ্রেফতার করেছে। কিছুদিন ধরেই চন্দন ঝা নামে ওই যুবকের খোঁজ পাওয়া যাচ্ছিল না। তাকে অপহরণ করা হয়েছে বলে বেলুড় থানায় অভিযোগ দায়ের করা হয়। এই ঘটনায় প্রথমে অভিযোগ ওঠে ৬২ নম্বর ওয়ার্ডের টিএমসিতে যোগ দেওয়া কৈলাস মিশ্রের বিরুদ্ধে। অভিযোগ, ওই এলাকার সুনিত সিং নামে একজন টিএমসিতে যোগ দেওয়ার কৈলাস মিশ্র হামলা চালায়। এরপর থেকেই সুনিত ঘনিষ্ঠ চন্দন এর আর খোঁজ নেই। নবান্ন তে পুরপিতার নামে অভিযোগ জমা পড়ে। তবে থানায় লিখিতভাবে চন্দনের বাবা জানান, তার কোনও অভিযোগ নেই পুরপিতার বিরুদ্ধে। এরপর অভিযোগ ওঠে, সুনিত সিং ইচ্ছাকৃতভাবে এই ঘটনা ঘটিয়েছে। তবে পুরো বিষয়টির তদন্ত করছে পুলিশ।

সিউড়ি পুরসভায় বিক্ষোভ, কমিটি ভাঙার দাবি

নিজস্ব সংবাদদাতা, সিউড়ি : 'চেয়ারম্যানের তৈরি করা কমিটি চোর কমিটি। অবিলম্বে ওই কমিটি ভেঙে দিয়ে নতুন কমিটি করতে হবে।' এই দাবিতে সোমবার সিউড়ি পুরসভার বিক্ষোভ দেখান সিউড়ি ১৪ নম্বর ওয়ার্ডের বাসিন্দারা। সিউড়ি পুরপ্রধানের ওই কমিটি স্বজনপোষণ করছে বলে অভিযোগ। আর তাই বিক্ষোভকারীরা সেই দাবিতে উপপুরপ্রধানের সঙ্গে কথা বলেন। দাবির সমর্থনে পুরপ্রধানের ক্যাম্পেসে তালা ঝুলিয়ে দেওয়া হয়।উপপুরপ্রধান বিদ্যাসাগর সাউ বলেন, 'বাসিন্দাদের অভিযোগ শুনলাম। পুরপ্রধানকে তাঁদের অভিযোগের কথা বলব। তবে বাড়ি না পাওয়ার যে অভিযোগ বাসিন্দারা করছে তা ঠিক নয়। ১৪ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলর বাবুল দাস আত্মঘাতী হন। তারপর গত কয়েকমাস ওই ওয়ার্ডের উন্নয়ন থেকে যাবতীয় দায়িত্ব নেন পুরপ্রধান উজ্বল চট্টোপাধ্যায়। উন্নয়নের জন্য ১৪ জনের একটি কমিটি গঠন করে দেন তিনি।' বিক্ষোভকারীদের অভিযোগ, সেই উন্নয়ন কমিটি ব্যর্থ হয়েছে। বরং তারা স্বজনপোষণ করছে। তাঁরা দাবি জানান, এলাকার প্রকৃত উন্নয়নপন্থী লোকেদের নিয়ে কমিটি তৈরি করতে হবে। সোমবার বিক্ষোভে পাড়ার মহিলারা বেশি করে সামিল হন। পুরপ্রধানের ঘরের সামনে মাইক বেঁধে বিক্ষোভ দেখাতে থাকেন তাঁরা।অভিযোগকারীদের বক্তব্য, বাবলু দাস মারা যাওয়ার আগে সবার জন্য বাড়ি প্রকল্পে এলাকার ২০০ জনের তালিকা পাঠিয়েছিলেন। সেই বাড়ি এখনও পাননি তাঁরা। কেউ আবার দাবি করেন, বিপিএলের তালিকাভুক্ত হওয়া সত্ত্বেও পুরসভার পক্ষ থেকে কোনও সুবিধা পাচ্ছেন না। এছাড়া বিধবা ভাতার টাকা পাচ্ছেন না অনেকে তাঁদের অভিযোগ, প্রথম দফায় ২০ জনের বাড়ির টাকা এল। কিন্তু এমন লোক টাকা পেল যাদের নিজেদের বড় বাড়ি আছে। দ্বিতীয় দফায় ৩২ জনের তালিকাকেও তাদের নাম এল না। একজন জানান, তাঁদের এলাকায় বাইরে থেকে আসা ভাড়াটিয়া বাড়ির জন্য টাকা পাচ্ছেন কিন্তু তাঁরা পাচ্ছেন না। অন্যদিকে, পুরপ্রধানের গঠন করা ১৪ জন সদস্যের ওই কমিটির বেশ কিছু সদস্য জানান, উন্নয়ন কমিটিতে যে তাঁদের নাম আছে তা তাঁরা নিজেই জানেন না। আসলে ওই ওয়ার্ডের উন্নয়ন পুরপ্রধান নিজেই দেখছেন। বিক্ষোভ শেষে পুরপ্রধানের ক্যাম্পাসের সামনে বিক্ষোভকারীরা পথ আগলে বসে পড়েন। উপপুরপ্রধান বিদ্যাসাগর সাউ বিক্ষোভকারীদের সঙ্গে কথা বলেন। তিনি জানান, তালিকা অনুযায়ী ধীরে ধীরে যেমন বরাদ্দ আসবে তেমনই তাদের বাড়ি দেওয়া হবে। ২০১৭ সালে শুরু হওয়া সবার জন্য বাড়ি প্রকল্প চলবে ২০২২ সাল পর্যন্ত। ততদিনে পুর এলাকার একটিও কাঁচা বাড়ি থাকবে না বলে তিনি মন্তব্য করেন।

বিজেপির রাজ্য সাধারণ সম্পাদকের সফর নিয়ে গোষ্ঠীদ্বন্দ্ব বীরভূমে

নিজস্ব সংবাদদাতা, রামপুরহাট : মনোনয়ন জমা দেওয়ার সময় পথ দুর্ঘটনায় মৃতের পরিবারকে সাহায্যে দেওয়া নিয়ে বিতর্কের সৃষ্টি হল বিজেপিতে। এমনকী সেই সময় জেলবন্দিদের সাহায্যের নামে ডেকে কোনও সাহায্য না করা নিয়ে বিক্ষোভের সৃষ্টি হয়েছে। অভিযোগ উঠেছে, বিজেপির রাজ্য নেতৃত্বকে অন্ধকারে রেখে যুব মোর্চার রাজ্য সম্পাদক এলাকায় দলে গোষ্ঠীদ্বন্দ্বের সৃষ্টি করছেন।

সোমবার সকালে বীরভূমে আসেন বিজেপির রাজ্য সাধারণ সম্পাদক (সাংগঠনিক) সুব্রত চট্টোপাধ্যায়। বীরভূম জেলায় তাঁর বেশ কয়েকটি বৈঠক করার কথা ছিল। ঠিক ছিল, পঞ্চায়েতে নির্বাচিত সদস্যদের সঙ্গে দেখা করবেন তিনি। কিন্তু তাঁদের সঙ্গে দেখা না করে বা একমাসের উপর যাঁরা দলের জন্য জেল খাটলেন তাঁদের কোনওরকমের সাহায্য না করে পথ দুর্ঘটনায় মৃতের পরিবারের হাতে এক লাখ টাকা সাহায্য করেন সুব্রতবাবু। এই নিয়ে বিতর্কের সৃষ্টি হয়েছে।

বেলুড়ের নিখোঁজ ছেলের মৃতদেহ উদ্ধার হল ধানবাদে

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়ার বেলুড়ের বিকে পাল লেনের বাসিন্দা নীলেশ সিং-এর মৃতদেহ পাওয়া গেল ধানবাদে। ধানবাদে একটি মালগাড়িতে অগ্নিদগ্ধ অবস্থায় তার মৃতদেহ পাওয়া যায়। জানা গিয়েছে, গত জুন থেকে নিখোঁজ ছিলেন নীলেশ সিং। এর জন্য বেলুড় থানায় মিসিং ডায়েরিও করে তার পরিবার। তারপর তদন্ত শুরু হয়। আরও জানা যায়। নীলেশ বন্ধুদের সঙ্গে ঘুরতে যাচ্ছি বলে বাড়ি থেকে বের হয়। বাড়ি থেকে বেরোনোর কয়েকদিন পর থেকে ফোনে তার সঙ্গে যোগাযোগ করতে পারছিল না তার পরিবার। পরে ধানবাদের একটি মালগাড়ি থেকে উদ্ধার হয় তার অগ্নিদগ্ধ মৃতদেহ। এই মৃত্যু ঘিরে রহস্য দানা বেঁধেছে। পুরো ঘটনার তদন্ত করছে পুলিশ।

গ্যাস সিলিন্ডার লিক করে আগুন, পুড়ল ২টি দোকান

নিজস্ব সংবাদদাতা, বহরমপুর : গ্যাস সিলিন্ডার লিক করে আগুন লেগে পুড়ে গেল দু'টি দোকান। বহরমপুরের কল্পনা মোড় এলাকার ঘটনা। স্থানীয় ব্যবসায়ীরা আগুন নেভানোর চেষ্টা করেন। পরে দমকলের একটি ইঞ্জিন গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। দমকলের ইঞ্জিন দেরিতে পৌঁছানোয় ক্ষোভ দেখা দেয় স্থানীয়দের মধ্যে। পরে বহরমপুর থানার পুলিশ গিয়ে পরিস্থিতি সামাল দেয়। স্থানীয় সূত্রে জানা গেছে, মঙ্গলবার সকালে চা তৈরি করার জন্য গ্যাস জ্বালাতেই এলাকার একটি চায়ের দোকানে আগুন ধরে যায়। দাউদাউ করে জ্বলতে থাকে আগুন। দোকানে দু'টি গ্যাস সিলিন্ডার থাকায় আগুনের তীব্রতা বাড়ে। স্থানীয় মানুষ আগুন নেভানোর চেষ্টা করে। সকাল সাতটা নাগাদ বহরমপুর ফায়ার স্টেশনে খবর দেওয়া হয়। কিন্তু, দমকলকর্মীরা এক ঘণ্টা পর আসে বলে অভিযোগ। দমকলকর্মীরা এলে ক্ষুব্ধ হয়ে পড়ে স্থানীয় মানুষ। যদিও দমকল আসার আগেই আগুন অনেকটা নিয়ন্ত্রণে চলে আসে। স্থানীয় এক ব্যবসায়ী জানান, গ্যাস সিলিন্ডারের গ্যাস শেষ হয়ে যেতেই আগুনের তীব্রতা কমতে শুরু করে। স্থানীয় মানুষজন তারপর জল দিয়ে আগুন অনেকটা নিয়ন্ত্রণে আনে। পরে দমকল এসে আগুন নেভায়। দু'টি দোকানের সমস্ত জিনিস পুড়ে ছাই হয়ে গেছে।

লিলুয়ায় মাংসের গাড়ি আটকে পরীক্ষা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়ার লিলুয়া কোনা মোড় এলাকায় একটি মাংস বোঝাই গাড়ি আটক করে এলাকায় লোকজন। সন্দেহ যে এই গাড়িতে ভাগাড়ের পচা মাংস নিয়ে যাওয়া হচ্ছিল। খবর পেয়ে পুলিশ আসে। চালককে জিজ্ঞাসাবাদ করে পুলিশ জানতে পারে যে ফ্রেশ মাংস বিভিন্ন জায়গায় সাপ্লাই করত তারা। কিছু মাংস পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। পুলিশসূত্রে আরও জানা গিয়েছে, মাংস বোঝাই গাড়িটি বর্ধমানের পানাগড় থেকে আসছিল। হাওড়ার ধুলাগড়ে যাচ্ছিল গাড়িটি। ধুলাগড় পর্যন্ত ছয় নম্বর জাতীয় সড়কের ধারে সমস্ত রেস্তোরাঁয় মাংস সাপ্লাই করত তারা। স্থানীয় মানুষদের সন্দেহ হয়, যে গুলো পচা মাংস। তাই তারা পুলিশকে খবর দেয়। পুলিশ জানিয়েছে, মাংস পচা নয় ভাল। তবে নমুনা পরীক্ষার জন্য কিছু মাংস হাওড়া পুরসভার স্বাস্থ্য বিভাগে পাঠানো হয়েছে।

CHANGE OF NAME

Pooja Chawla, W/o. Ritesh Kalian & D/o. Raj Kumar Chawla, residing at 88, College Road, Rabindra Nagar, Block-H, Flat-303, Dist. Howrah-711103 has become Vidhi Kalian vide affidavit dated 01.06.18 before the Notary Public at Kolkata.